Downloaded From : http://cbseportal.com/

Strictly Confidential : (For Internal and Restricted Use Only)
Senior School Certificate Examination

# MARKING SCHEME

SUBJECT : BENGALI (105) CLASS - XII

SET : 4
SERIES : BVM
CODE NO : 5

MAXIMUM MARKS : 85

।। উত্তরপত্র মূল্যায়ন - সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি ।।

১. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme - এ) উত্তর সমুহের মানবিন্দু (Value Point) - গুলিই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই Value Point - গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসাবে নয় - প্রত্যাশিত উত্তরের দিকদিশারি (Guide Lines) হিসাবেই গন্য করতে হবে। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মত করে উত্তর দিতে পারে ; এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

২. মহামান্য সর্বোচ্চ আদালতের (Supreme Courte - এর) আদেশ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এখন থেকে নির্দিষ্ট অর্থমূল্য (Fee) দিয়ে আবেদন করলে তাদের উত্তর পত্রের প্রতিলিপি (Photocopy) পাঠাতে হবে, এ - কারনে সমস্ত প্রধান পরীক্ষক / পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তারা যেন উত্তর পত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে Marking Scheme - প্রস্তাবিত Value Point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে - সে ব্যপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

৩. সমস্ত প্রধান পরীক্ষক / পরীক্ষককে এও জানানো হচ্ছে যে, কোন উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে '০' (zero) নম্বর চিহ্নিত করতে হবে।

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

# SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION - 2019
## MARKING SCHEME

**SUBJECT : BENGALI (105)** **SET : 4**

**SERIES - BVM** **CODE NO. : 5**

## উত্তর-পত্র মূল্যায়নের কটি সাধারণ নীতি

ক. 'অথবা' - যুক্ত প্রশ্ন (Choice type question) - এর ক্ষেত্রে প্রদত্ত সব প্রশ্নের উত্তর লিখিত হলে পরীক্ষার্থীর স্বার্থে অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটি গণ্য করতে হবে এবং অতিরিক্ত উত্তরগুলি কেটে দিতে হবে।

খ. ৩০ শতাংশ নম্বর পর্যন্ত পাওয়া পরীক্ষার্থীকে অতিরিক্ত ৩ নম্বর দিয়ে ন্যুনতম পাশ নম্বর ৩৩ % - এর আওতায় আনতে হবে।

গ. ভাষা ও সাহিত্যের পরীক্ষায় পুরো নম্বর দেওয়া যায় না বরং কম নম্বর দিতে হয় অথবা পরিমানে প্রচুর লিখতে হয় — এ-হেন চিরাচরিত চিন্তা বা সংস্কার ছেড়ে বাংলা ভাষা ও সাহিত্যের উত্তর-পত্র মূল্যায়ন করতে হবে।

ঘ. বানান ভুল যতক্ষণ না পর্যন্ত বিষয়-বস্তুকে বিকৃত করছে — ততক্ষণ পর্যন্ত বানান বাবদ নম্বর না কাটা বাঞ্ছনীয়।

ঙ. উত্তর আরো কত ভালো হতে পারতো — সেই চিন্তা যথাসম্ভব দূরে রেখে প্রদত্ত উত্তরটি ঠিক হয়েছে কি না, সেই দিকেই নজর দেওয়া উচিত।

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

**SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION -- 2019**
**MARKING SCHEME (FINAL VERSION)**

**SUBJECT : BENGALI (105)** **SET : 4**
**SERIES : BVM** **CODE NO. : 5**

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | **SECTION A (READING)** | |
| **1.** | অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। চারটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ-ভিত্তিক।<br>● অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে<br>অথবা<br>● সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে<br>অথবা<br>● কেবলমাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।<br>উত্তর সংকেত ঃ<br>(a) স্বর্ণপদক।<br>(b) অত্যন্ত উৎসাহজনক ঘটনা।<br>(c) 'ওই দেখো মেরি কম। কিন্তু ওর কেরিয়ার শেষ।'<br>(d) প্রথমে মেরি খুব ভেঙে পড়েছিল।<br>(e) পরাজয়। | ( 1 +1+1+1+1) = 5 |
| **2.** | 1 নং প্রশ্নের অনুরূপ।<br>উত্তর সংকেত ঃ<br>(a) একটি আন্তর্জাতিক ছবির প্রদর্শনী হয়।<br>(b) চিত্রকলা তুলোর বাক্সয় সযত্নে তুলে রাখবার জিনিস নয়, চিত্রকলা আমাদের নিত্যনৈমিত্তিক অবশ্য ব্যবহারের জিনিস।<br>(c) ভবিষ্যতের নানা দিকে এগোতে পারব না অতীত থেকেও কিছু শিখতে পারব না। | ( 1 +1+1+1+1) = 5 |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | (d) যেখানেই মানুষ রেখা, রঙ, তুলি বা কলম দিয়ে ছবি এঁকেছে সেখানেই ছবির উৎস।<br>(e) 'রাজী' | |
| | **SECTION B (GRAMMAR)** | |
| **3.** | ধ্বনিতত্ত্বের সূত্রগুলির মধ্যে যে-কোনো একটির দুটি উদাহরণ সহ সংজ্ঞা।<br>(a) স্বরসঙ্গতি (b) অপিনিহিতি (c) অভিশ্রুতি<br>• শুধু সংজ্ঞাটি ঠিক ভাবে লিখলে 3 নম্বর।<br>• দুটি উদাহরণের জন্য (1+1) = 2 নম্বর।<br>• উৎস- শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ 1 নম্বর। যেমন ঃ<br>স্বরসঙ্গতি ঃ দেশি › দিশি / হিসাব › হিসেব।<br>অপিনিহিতি ঃ করিয়া › কইর‍্যা / সাধু › সাউধ। | 5<br>( 3 + 2) |
| **4.** | অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা । যে-কোনো একটি।<br>(a) শ্লেষ, (b) যমক, (c) উপমা।<br>• সংজ্ঞার জন্য 3 নম্বর। উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য 0.5 নম্বর।<br>অথবা শুধু অলঙ্কারের সঠিক নাম উল্লেখ করলেই 1 নম্বর। সঙ্গে সংজ্ঞা উপস্থাপন করলে আরো 2 নম্বর। সংজ্ঞার সঙ্গে উদ্ধৃত পঙক্তির সংযোগ প্রদর্শন করলে 2 নম্বর।<br>উত্তর-সংকেত ঃ<br>(a) যমক, (b) উপমা (পূর্ণোপমা), (c) অনুপ্রাস | 5<br>(3 + 2) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| 5. | বাগ্‌ধারা / প্রবাদ। যে-কোনো চারটি।<br>• অর্থ লিখে বাক্য রচনা। প্রতিটি 2 নম্বর।<br>• অর্থ ঠিক, কিন্তু বাক্য ভুল- 1 নম্বর।<br>• অর্থ ঠিক, বাক্যও ঠিক - কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন ঃ 'সে একজন মাটির মানুষ') - 2 নম্বর।<br>• অর্থের কোনো উল্লেখ নেই , বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন ঃ 'সে একজন মাটির মানুষ') - 1 নম্বর ।<br>• অর্থের উল্লেখ নেই, কিন্তু বাক্য স্বয়ংসম্পূর্ণ - 1.5 নম্বর থেকে 2 নম্বর।<br><u>উত্তর সংকেত ঃ</u><br>• আঙুল ফুলে কলা গাছ (হঠাৎ বড়লোক হওয়া)<br>• ওজন বুঝে চলা (নিজের ক্ষমতা অনুযায়ী চলা)<br>• ছেলের হাতের মোয়া (যা সহজেই পাওয়া যায়)<br>• ডুমুরের ফুল ( দুর্লভ দর্শন)<br>• মাটির মানুষ (অতি নিরীহ সরল মানুষ)<br>• মামাবাড়ির আবদার (অন্যায় দাবি)<br>• বুকের পাটা (উপযুক্ত সাহস)<br>• একাই একশো (একাই যথেষ্ট) | 8<br>(2 x 4) |
| | SECTION C (COMPOSITION & WRITING) | |
| 6. | প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর।<br>(a) শিরোনাম। প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলেই 1 থেকে 2 নম্বর।<br>উত্তর সংকেত ঃ<br>• ভারতে শিশুশ্রম ঃ নিবারণ কি সম্ভব / দায় কার ? | 6<br>(2+2+2) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | • দেশের শিশুশ্রম সমস্যা ঃ জনমতের অভাব।<br>• ভারতে শিশুশ্রম লোপ ঃ চাই প্রবল জনমত।<br>(b) ভারতে শিশুশ্রমিকের হার, শিশুশ্রমের কারণ এবং তা বিলোপের জন্য জনমতের প্রয়োজন। - দুই থেকে তিনটি বাক্যে গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর।<br>(c) দারিদ্র্য, অশিক্ষা বা বাড়ির অসহনীয় পরিবেশ —যে কোনো দুটি কারণ উল্লেখ করলেই 2 নম্বর দিতে হবে। | |
| 7. | পত্র লিখন ঃ বাবাকে বা বন্ধুকে ।<br>• চিঠির অবয়ব-সংস্থানের জন্য 3 নম্বর এবং বিষয়বস্তুর জন্য 3 নম্বর।<br>• অবয়ব-সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তিসূচক পদ থাকবে। প্রতিটির জন্য 0.5 করে মোট 2 নম্বর।<br>• পত্রের শেষে স্বতন্ত্র ভাবে প্রাপকের নাম, ঠিকানা দিতে পারলে আরো 1 নম্বর দেওয়া হবে।<br>• বিষয়বস্তুর ক্ষেত্রে বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর।<br>• দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে এবং তিনটি পৃথক অনুচ্ছেদে ভাগ করে লিখলে পুরো 3 নম্বর দেওয়া যাবে। | 6<br>(3 + 3) |
| | SECTION - D (LITERATURE) | |
| 8. | গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন<br>'ভাবছি আমি ...................... প্রায়শ্চিত্ত কি?'<br>উত্তর সংকেত ঃ<br>(a) মাণিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'কে বাঁচায় কে বাঁচে'<br>(b) মৃত্যুঞ্জয়<br>(c) মৃত্যুঞ্জয় ভাববাদী, খেয়ে পরে বেঁচে থাকাই স্বাভাবিক। দুর্ভিক্ষ | 5<br>(1+1+ 3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | সেই স্বাভাবিকতাকে তছনছ করে দেয়। মৃত্যুঞ্জয় স্বাভাবিকতার সেই অপমৃত্যুকে কিছুতেই মেনে নিতে পারে না। অনাহারজনিত মৃত্যু তার নিজের বেঁচে থাকাকে অসহনীয় করে তোলে।<br>অথবা<br>'দাঁতগুলো বের করে সে .................... ভঙ্গি করে'<br>(a) মহাশ্বেতা দেবীর লেখা 'ভাত'<br>(b) উৎসব নাইয়া; বাসিনীর প্রতি।<br>(c) ভাতের খিদে / বঞ্চনার বোধ / প্রতিহিংসা | |
| 9. | পাঠ্য গল্পগুলি থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) । (a) থেকে (h) পর্যন্ত আটটি প্রশ্নের মধ্যে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।<br>উত্তর ঃ<br>(a) (ii) অফিস যাবার পথে<br>(b) (i) ফাঁপি<br>(c) (i) সে চুরি করেছিল<br>(d) (iii) ছাতু<br>(e) (ii) চৌকিদার<br>(f) (iii) ডাকপুরুষের<br>(g) (i) আবেগসর্বস্ব, নিজের পরিবারের কথা ভাবে না।<br>(h) (ii) পিতা | 5<br>(1 x 5) |
| 10. | পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। যে-কোনো একটি।<br>মূল্যায়ণ নীতি ঃ<br>• সূত্র নির্ভুল হলে 1 নম্বর।<br>• প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর।<br>• ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা | 5 |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর।<br>• ব্যাখ্যা অংশটি যদি ভালো না-ও হয়, সূত্র-প্রসঙ্গ-ব্যাখ্যা - এই তিনটি অংশে গুছিয়ে লেখা হলেও পুরো 3 নম্বর দেওয়া যাবে।<br>উত্তর সংকেত ঃ<br>'গাছের সবুজটুকু ......... ভীষণ দরকার'।<br>• সূত্র ঃ শক্তি চট্টোপাধ্যায়; 'আমি দেখি'।<br>• প্রসঙ্গ ঃ প্রকৃতি-বিচ্ছিন্ন বর্তমান সভ্যতার মৃত্যুমুখী পরিণতি।<br>• ব্যাখ্যা ঃ অরণ্য ও গ্রামকে লেহন করে সভ্যতা ও শহরের বিস্তার ঘটে। নাগরিক সভ্যতা তথা বস্তুগত সমৃদ্ধির সঙ্গে সঙ্গে কমতে থাকে প্রাণের আরাম, মনের আনন্দ, আত্মার শান্তি। তাই সবুজটুকু দরকার।<br>অথবা<br>'কেন তবে লেখা ....... আঁকাআঁকি'।<br>• সূত্র ঃ মৃদুল দাশগুপ্তের লেখা "ক্রন্দনরতা জননীর পাশে"।<br>• প্রসঙ্গ ঃ সমাজের বিশেষ রাজনৈতিক সামাজিক পরিস্থিতিতে শিল্পী সাহিত্যিকের দায়িত্ববোধ প্রসঙ্গে।<br>• ব্যাখ্যা ঃ ইতস্তত মিথ্যাচার, হানাহানি, অন্যায়ের আক্রমণে দেশমাতা যখন বিধ্বস্ত, তখন শিল্পী-সাহিত্যিকদের ভূমিকা থাকে। সমস্তরকম অন্যায়ের বিরোধিতা না করলে শিল্প সাহিত্যের নিষ্ঠা ব্যাহত হয়। | |
| 11. | কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন।<br>"রক্তের অক্ষরে দেখিলাম আপনার রূপ............. "<br>(a) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'রূপনারানের কূলে।' - (0.5+0.5 ) 1 নম্বর।<br>(b) বাস্তব দুঃখ, কষ্ট, যন্ত্রণা — জীবন-যন্ত্রণার অভিজ্ঞতা। - 1 নম্বর। | 5<br>(1+1+3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| | (c) সত্য কঠিন। জীবন ও জগতকে 'মধুময় পৃথিবীর ধূলি' থেকে নয়, দেখতে হবে 'রূপনারায়ণের' বাস্তব উপকূল থেকে। দুঃখের দুঃসহ তপস্যার মধ্য দিয়েই বুঝে নিতে হবে জীবনের প্রকৃত মর্ম। গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর।<br>অথবা<br>'তাই বলি ............... আমি দেখি'<br>(a) শক্তি চট্টোপাধ্যায় (0.5) / আমি দেখি (0.5) = 1 নম্বর।<br>(b) শহরের যান্ত্রিক জীবনে স্থান করে দাও। — 1 নম্বর।<br>(c) আরোগ্যের জন্য। যান্ত্রিক সভ্যতার বিষময় পরিণতি, অবশ্যম্ভাবী ক্ষয় বা মৃত্যুর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য। গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর। | |
| 12. | নাটক থেকে পঙ্ক্তি তুলে প্রশ্ন।<br>"তুমি থিয়েটারওয়ালা ............ অস্পৃশ্য ভাঁড়।"<br>(a) রজনীকান্ত — 1 নম্বর।<br>কালীনাথের কাছে অভিনয় জীবনের হতাশা ব্যক্ত করার প্রসঙ্গে — 1 নম্বর।<br>(b) অভিনয় শিল্পীদের সম্পর্কে সাধারণ দর্শকদের অগভীর, অশ্রদ্ধেয় মনোভাবের পরিপ্রেক্ষিতে অভিনেতা রজনীকান্তের অভিমান ক্ষোভ প্রকাশ পেয়েছে। গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর।<br>অথবা<br>"তখন কি ............ প্রতিপত্তি।"<br>(a) রজনীকান্ত, কালীনাথের সঙ্গে কথা বলার সময় — 2 (1+1) নম্বর।<br>(b) গৌরবময় উজ্জ্বল অতীতের স্মৃতি রোমন্থনের প্রসঙ্গে। — গুছিয়ে লিখলেই 2 থেকে 3 নম্বর। | 5<br>(2 + 3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

| Q No. | EXPECTED ANSWERS / VALUE POINTS | DISTRIBUTION OF MARKS |
|---|---|---|
| 13. | পাঠ্য নাটক থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) ।<br>(a) থেকে (h) -এর মধ্যে যে-কোনো পাঁচটি বেছে লিখতে হবে। প্রতিটি 1 নম্বর।<br>উত্তর ঃ<br>(a) (ii) - অভিনেতার সঠিক সংলাপ বলবার জায়গা।<br>(b) (i) - থিয়েটার ছেড়ে দিতে<br>(c) (i) - পুলিশ<br>(d) (ii) - প্রম্পটার<br>(e) • এই প্রশ্নের উত্তর প্রদত্ত তিনটি সম্ভাব্য উত্তরের মধ্যে নেই। এ - কারণে ঐ তিনটির মধ্যে যে-কোনো উত্তরেই 1 নম্বর দেওয়া হবে।<br>(f) (i) - অস্পৃশ্য ভাঁড়<br>(g) (ii) - অভিনয় জগতে ........... কিন্তু এখন নেই।<br>(h) (iii) - সাজাহান | 5<br>(1 x 5) |
| 14. | পাঠ্য আন্তর্জাতিক কবিতা থেকে পঙ্‌ক্তি তুলে প্রশ্ন।<br>'জয়োৎসবের ভোজ বানাত কারা ?'<br>(a) বের্টোল্ট ব্রেখ্‌ট / 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন'। — (1+1) = 2 নম্বর।<br>(b) রাজ্যময় উৎসব — জয়োল্লাস রাজাদের , কিন্তু অখ্যাত, অনামা দিনমজুররা তাদের জয়কে সম্ভব করে। ইতিহাসে তারা চিহ্নিত হয় না। — কথাগুলো বোঝাতে পারলেই 2 থেকে 3 নম্বর।<br>অথবা<br>"কে বানিয়েছিল ............. ঘাড়ে করে আনত ?"<br>উত্তর ও নম্বর বিভাজন ঃ পূর্ববর্তী প্রশ্নের অনুরূপ। | 5<br>(2 + 3) |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

<table>
<tr><th>Q No.</th><th>EXPECTED ANSWERS / VALUE POINTS</th><th>DISTRIBUTION OF MARKS</th></tr>
<tr><td>15.</td><td>‘আমার বাংলা’ গ্রন্থ থেকে পঙ্‌ক্তি তুলে প্রশ্ন।<br>‘তাই প্রজারা ........... হয়ে উঠল।’<br>(a) হাতিবেগার - 1 নম্বর।<br>(b) জমিদারের হাতি শিকারের শখ অথচ হাতি বেড় দিয়ে বিপজ্জনক অবস্থায় দাঁড়াতে হত বিভিন্ন বয়সী দরিদ্র প্রজাদের। তাতে মৃত্যু পর্যন্ত হত। এই অবস্থা অসহনীয় হয়ে উঠলে প্রজারা বিদ্রোহী হয়ে ওঠে। কথাগুলো গুছিয়ে লেখার মান অনুযায়ী 3 থেকে 4 নম্বর।<br><u>অথবা</u><br>(a) জমিতে প্রজাদের স্বত্ব, জমির ফলমূলের অধিকার না থাকা, উচ্চহারে খাজনা ধার্য, অনাদায়ে জমিদারের অত্যাচারের প্রথা।<br>(b) খাজনা না পেলে প্রজাদের কাছারিতে ধরে নিয়ে যাওয়া হত, বেঁধে মারা হত, মালঘরে আটকে রাখা হত। নিলামে সব সম্পত্তি খাস করে নেওয়া হত — কথাগুলি গুছিয়ে লিখলে 3 থেকে 4 নম্বর।</td><td>5<br>(1 + 4)</td></tr>
<tr><td>16.</td><td>‘আমার বাংলা’ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) ।<br>(a) থেকে (h) পর্যন্ত -এর মধ্যে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তর 1 নম্বর।<br>উত্তর ঃ<br>(a) (ii) - একজন গারো চাষী।<br>(b) (ii) - কয়েদিদের জন্য একপ্রকার শাস্তি।<br>(c) (i) - লাল সালু .............. হিসাব লেখা হয়।<br>(d) (ii) - যন্ত্রপাতি।<br>(e) (iii) - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।<br>(f) (iii) - পোকা।<br>(g) (ii) - গারো পাহাড়ের একটি উপজাতি।<br>(h) (i) - তিস্তা।</td><td>5<br>(1 x 5)</td></tr>
</table>

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE